ফরম-৩

পরিশিষ্ট-৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(রাজস্ব শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০০০.০১৮.৪১.০০০৬.২৫.৬৩৩

তারিখ: ২১ জ্যৈষ্ঠ, ১৪৩২
০৪ জুন, ২০২৫

**ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি**

এতদ্বারা নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তি ও ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে নাগরিকদের জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানে অনুমতিপত্র পাওয়ার জন্য আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। জেলা প্রশাসন, লালমনিরহাটের ওয়েবসাইট (www.lalmonirhat.gov.bd) এর নোটিশ বোর্ড হতে প্রাপ্ত আবেদনপত্র ডাউনলোডপূর্বক কম্পিউটার কম্পোজকৃত আবেদনপত্র ও এর সাথে চাহিত অন্যান্য তথ্যাদির পিডিএফ কপি নিম্নোক্ত ইমেইল (rdclalmonirhat@mopa.gov.bd) ঠিকানায় প্রেরণ করে আগামী ১৮/০৬/২০২৫ তারিখের মধ্যে আবেদন করা যাবে। নির্ধারিত তারিখের পর অথবা হার্ড কপিতে প্রাপ্ত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

আবেদনকারীর যোগ্যতা (অনুমতিপত্র প্রাপ্তির জন্য):

১. ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবাদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীনে নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপনের ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা প্রয়োজন হবে;

৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার দিতে হবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দন্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে। অনুমতি প্রাপ্ত হলে, ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকা ও সকল পৌর এলাকার জন্য ১ (এক) লক্ষ টাকা ফেরতযোগ্য জামানত প্রদানের সক্ষমতা থাকা লাগবে;

৮. এলাকাভেদে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীনে নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১২. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের কার্যক্রম বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪.০৬.২৫

(জি, আর, সারোয়ার)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
লালমনিরহাট
adcrlalmonirhat@mopa.gov.bd

CS CamScanner

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০০০.০১৮.৪১.০০০৬.২৫. ৬৬৬ তারিখ: ২১ জ্যৈষ্ঠ, ১৪৩২ / ০৪ জুন, ২০২৫

<u>অনুলিপি</u>: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮- শহীদ তাজউদ্দিন আহমদ সরণি তেজগাঁও, ঢাকা।

০৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।

০৫. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি), লালমনিরহাট।

০৬. উপজেলা নির্বাহী অফিসার, ....... (সকল), লালমনিরহাট। (ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ করা হলো)

০৭. সহকারী কমিশনার (ভূমি),....... (সকল), লালমনিরহাট। (ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ করা হলো)

০৮. রেভিনিউ ডেপুটি কালেক্টর, লালমনিরহাট।

০৯. প্রোগামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, লালমনিরহাট (তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাটের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

১০. অফিস কপি।

০৪.০৬.২৫

(জি, আর, সারোয়ার)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
লালমনিরহাট

CamScanner